



২০২৩-২৪ শিক্ষাবর্ষে অধিভুক্ত ও উপাদানকল্প কলেজে ভর্তির প্রথম ধাপের বিষয় বরাদ্দ সংক্রান্ত বিজ্ঞপ্তি
তারিখ - ১৮ আগস্ট ২০২৪

বিশেষ নির্দেশনা

- প্রথম ধাপে কলেজ ও বিষয় বরাদ্দপ্রাপ্তদের অনলাইনে টাকা জমা দেয়ার শেষ তারিখ ২৩ আগস্ট ২০২৪।
- প্রথম ধাপে বরাদ্দপ্রাপ্তরা উক্ত তারিখের মধ্যে টাকা জমা না দিলে তার বিষয় বরাদ্দ বাতিল হবে এবং পরবর্তী কোনও ধাপে সে আর বিষয় বরাদ্দ পাবে না। তার আসনটি শূন্য করে পরবর্তী বিষয় বরাদ্দ প্রস্তুত করা হবে।

২০২৩-২৪ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত ও উপাদানকল্প কলেজের আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির ১ম ধাপের বিষয় বরাদ্দ প্রকাশ করা হয়েছে। পরবর্তী আরও কয়েকটি ধাপে বিষয় বরাদ্দ চূড়ান্ত করা হবে। কোটায় বিষয় বরাদ্দপ্রাপ্তরা মাননীয় উপাচার্যের সভাপতিত্বে সভায় চূড়ান্ত করার পর (৪র্থ ধাপে) বরাদ্দকৃত বিষয় দেখতে পাবে।

এই ধাপে (বা পরবর্তীতে যে কোনও ধাপে) নতুন কেউ একটি বিষয়ের বরাদ্দ পেলে (কোটায় জন্য আবেদন করা হলেও) শিক্ষার্থীকে পরবর্তী ধাপের বিষয় বরাদ্দ/ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে নিচে উল্লিখিত কাজটি অবশ্যই করতে হবে-

ক) বরাদ্দকৃত বিষয়ের জন্য প্রযোজ্য ভর্তি ও অন্যান্য ফি এর একটি অংশ নিম্নলিখিত হারে নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে জমা দিয়ে তার রসিদ সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, এই অগ্রিম টাকা চূড়ান্ত বরাদ্দের পর ভর্তির সময়ে ভর্তি ও অন্যান্য ফি জমাদানের সময় সমন্বয় করা হবে।

ইউনিট	সরকারী সাত কলেজ	প্রযুক্তি ইউনিট	গার্হস্থ্য ইউনিট
টাকার পরিমাণ	৩,০০০/-	৩,০০০/-	৫০/-

খ) ২৩ আগস্ট ২০২৪ তারিখ বিকেল ৩:০০ টার মধ্যে প্রথম ধাপে বিষয় বরাদ্দপ্রাপ্তদের আগাম টাকা জমা দিতে হবে।

উপরিলিখিত টাকা জমা না দেয়া হলে শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে আগ্রহী নয় বলে গণ্য হবে এবং তার মনোনীত বিষয় প্রত্যাহার করে বিষয়ের আসনটি অন্য শিক্ষার্থীকে পরবর্তী মনোনয়নে বরাদ্দ করা হবে। পরবর্তী কোন ধাপের বিষয় মনোনয়নে সে আর বিবেচিত হবে না।

শিক্ষার্থী ভর্তি হওয়ার উদ্দেশ্যে উপরোক্ত আগাম টাকা জমা দেয়ার পর বরাদ্দপ্রাপ্ত কলেজের বিষয়ে ভর্তি না হলে তার জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে।

শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত পরবর্তী নির্দেশনার জন্য কেন্দ্রীয় ভর্তি অফিস (ওয়েবসাইটের সাধারণ নোটিশ) ও সংশ্লিষ্ট ইউনিটের নোটিশ নিয়মিতভাবে দেখার জন্য অনুরোধ করা হচ্ছে।